



বর্তমান সরকারের দশ বছর (২০০৯ - ২০১৮)-এর সাফল্য চিত্র

বিগত দশ বছরে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। নিম্নে তা বর্ণিত হলো :

- বিগত দশ বছরে ১,০৫৪ টি স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সে ৩০,৩৭৯ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান। এর মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে ৭৭ টি স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সে ১,২৩১ জন প্রশিক্ষণার্থীকে সেবা প্রদান করা হয়েছিলো।
- বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়ন ও দেশীয় মানব সম্পদ উন্নয়নের চাহিদার নিরিখে, ই-গভর্নেন্স এন্ড আই.সি.টি ইনফ্রাস্ট্রাকচার ফর ইমপিমেণ্টেশন ফর ডিজিটাল বাংলাদেশ; অন-লাইন অফিস ম্যানেজমেন্ট; ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইট; ফায়ার সেইফটি ম্যানেজমেন্ট; হিউম্যান রিসোর্স স্ট্র্যাটেজি এন্ড পলিসি; সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট; অর্গানাইজেশনাল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং ম্যানেজমেন্ট; ব্রান্ড ম্যানেজমেন্ট এন্ড সেটিং প্রোডাক্টস ইন এ কমপিটেটিভ মার্কেট; সরকারি চাকুরির অত্যাবশ্যকীয় বিধিমালা বিষয়ে নতুন কোর্স চালু করা হয়েছে।
- বিবেচ্য সময়কালে, ০৬ টি ডিপ্লোমা কোর্স-এ ৫৭,০৪৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলমান ২০১৮ সেশনে সর্বমোট ৯২১ জন প্রশিক্ষণার্থী ঢাকা, চট্টগ্রাম ও খুলনা ক্যাম্পাসে ডিপ্লোমা কোর্সসমূহে অংশগ্রহণ করছেন।
- পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন পার্সোনেল ম্যানেজমেন্ট (পিজিডিপিএম)-এর সিলেবাসকে যুগোপযোগী করে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (পিজিডিএইচআরএম)-এ উন্নীত করা হয়েছে এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট (পিজিডিবিএম)-এর পরিবর্তে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট (পিজিডিআইএম) পুনরায় চালু করা হয়েছে।
- নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন দপ্তর/ সংস্থা, যেমনঃ স্থানীয় সরকার বিভাগের উপজেলা গভর্নেন্স প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, ইউএনওসহ উপজেলা পর্যায়ের আরো ৩/৪জন কর্মকর্তাকে একাধিকবার প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে শিক্ষা অধিদপ্তরের আওতায় সারাদেশের সরকারী ও বেসরকারী ডিপ্লোমা ইনস্টিটিউট ও টিটিসি-এর প্রধানগণকে পিপিআর সংশ্লিষ্ট বিষয়াদির উপর ৩ সপ্তাহ ব্যাপী এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষকবৃন্দকে ব্যবস্থাপনা বিষয়ে ১ সপ্তাহ ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে এম্প্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্য পুওরেস্ট (ইজিপিপি) প্রকল্পের আওতায় ৪৯ জন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- নারী ও শিশু মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় মহিলা সংস্থার চাহিদা অনুযায়ী 'তথ্য আপা' প্রকল্পে নব নিযুক্ত তথ্য কর্মকর্তা ও জুনিয়ার তথ্য কর্মকর্তাদের জন্য 'অফিস এন্ড প্রজেক্ট ম্যানেজমেন্ট, আইটি সার্ভিসেস এন্ড উইম্যান এন্ড চাইল্ড রিলেটেড ইস্যুস'-শীর্ষক দুইমাস ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণে ২৬ জন মাঠ পর্যায়ের মহিলা কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনস্থ পৌরসভার ট্যাক্স এসেসরদেরকে তাঁদের দায়িত্ব সংশ্লিষ্ট বিষয়ে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



- এছাড়াও পাওয়ার সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম, বেনবেইস, সাউথ এশিয়া ট্যুরিজম ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট প্রজেক্ট, হর্টেক্স ফাউন্ডেশন, পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার এবং সাইক ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি এর চাহিদা অনুসারে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিজস্ব কার্যক্রমের পাশাপাশি সরকারী খাতে ক্রয়ের দক্ষতা বৃদ্ধিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট-এর মাধ্যমে বাস্তবায়নকৃত 'পাবলিক প্রকিউরমেন্ট ট্রেনিং'-এর জন্য জাতীয় পর্যায়ের অন্যতম প্রশিক্ষণ আয়োজক হিসাবে বিআইএম অবদান রেখে চলেছে।
- বিগত আট বছরে পরামর্শসেবার আওতায় ৬০টির অধিক সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানকে জনবল নিয়োগ সংক্রান্ত সহযোগিতা প্রদান করা হয়েছে। একত্রে বহু সংখ্যক আবেদনকারীর নিয়োগ পরীক্ষা আয়োজনের এবং দ্রুততম সময়ে ফল প্রকাশের সক্ষমতা অর্জিত হয়েছে। জনবল নিয়োগ সংক্রান্ত সহযোগিতা সেবাকে দ্রুততর করার জন্য অপটিক্যাল মার্ক রিডেবল (OMR) মেশিন স্থাপন করা হয়েছে।
- মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার বিষয়ে পরামর্শসেবা প্রদান করা হয়েছে এতে বিআইএম-এর সমীক্ষা পরিচালনা ও পরামর্শ সেবা প্রদানের সামর্থ্য বৃদ্ধি পেয়েছে। উপজেলা গভর্ন্যান্স প্রকল্পের সাথে চুক্তির আওতায় বিআইএম সাতটি বিভাগের ৬৫টি উপজেলা পরিষদের ২০১৩-১৪ সালের পারদর্শিতা মূল্যায়ন বিষয়ে সমীক্ষা পরিচালনা সম্পন্ন করেছে। ২০১৬-১৭ সালে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অর্থায়নে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে নবনির্মিত মাল্টি-পারপাস সাইক্লোন সেন্টারসমূহের ইম্পেক্ট এসেসমেন্ট এবং চলমান অর্থবছরে বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন-এর পক্ষে হোডা মটর বাইকের মার্কেট এনালাইসিস সম্পর্কিত স্টাডি সম্পাদন করা হয়েছে।
- ডিপ্লোমা প্রশিক্ষণ কোর্সসমূহের জন্য ২০১৩ সেশন হতে পূর্ণাঙ্গ অনলাইন অ্যাডমিশন প্রক্রিয়া চালু করার মাধ্যমে ডিপ্লোমা প্রশিক্ষণের ভর্তি ব্যবস্থাপনায় উৎকর্ষ সাধিত হয়েছে এবং ডিপ্লোমা প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত সময় ও খরচ সাশ্রয় হয়েছে।
- প্রশিক্ষার্থীবৃন্দের মূল্যায়নের ভিত্তিতে সবল ও দুর্বল দিক চিহ্নিত করে ডিপ্লোমা প্রশিক্ষণ কোর্সসমূহের উৎকর্ষ সাধনের প্রক্রিয়া ত্বরান্বিত করতে ডিপ্লোমা প্রশিক্ষণ কোর্সসমূহের জন্য অনলাইন ইভালুয়েশন পদ্ধতি চালু করা হয়েছে এতে দীর্ঘদিন যাবৎ মূল্যায়নের প্রতিবেদন প্রস্তুতি বিষয়ক অচলাবস্থার পরিসমাপ্তি ঘটছে।
- ইনফরমেশন এবং কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে মানসম্পন্ন প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের জন্য ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রে ২টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে ফলে, প্রশিক্ষণে ব্যবহারের জন্য নতুন ৬০টি কম্পিউটার সংযোজিত হয়েছে।
- প্রশিক্ষণ কর্মসূচীতে ভিজুয়াল এইডের ব্যবহার বৃদ্ধি ও জন্য ঢাকা, চট্টগ্রাম ও খুলনা কেন্দ্রে যথাক্রমে ১৩টি, ২টি ও ১টি শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন করা হয়েছে। এতে ভবিষ্যতে অত্যাধুনিক শ্রেণীকক্ষ নির্মাণের প্রাথমিক পর্যায়ের অগ্রগতি সম্পন্ন হয়েছে।
- ঢাকা কেন্দ্রের ক্যান্টিন ও ডাইনিং-এর সংস্কার সাধন করে একসাথে শতাধিক প্রশিক্ষার্থীর স্বাস্থ্যসম্মত আপ্যায়নের ব্যবস্থা হয়েছে। প্রশিক্ষণ সম্পূর্ণ সেবা উন্নয়নের ফলে উচ্চ মান সম্পন্ন প্রশিক্ষণের আয়োজক হিসাবে বিআইএম এর চাহিদা বৃদ্ধি পাচ্ছে।
- বিআইএম এর বহিঃদৃশ্য (আউটলুক) দৃষ্টিনন্দন করতে ঢাকা কেন্দ্রে একটি আকর্ষণীয় প্রধান ফটক নির্মাণ করা হয়েছে এতে বিআইএম ঢাকা কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থাও জোরদার হয়েছে।



- বিগত আট বছরে ১৫ জন অনুষদ সদস্যসহ মোট ৩৪ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দান করা হয়েছে। ফলে, বিআইএম এর জনবল সংকট আংশিকভাবে কমেছে এবং সার্বিকভাবে বিআইএম এর কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।
- বিআইএম-এর অনুষদ সদস্যবৃন্দের জন্য প্রফিসিয়েন্সি ইন ইংলিশ শীর্ষক ২ সপ্তাহব্যাপী ইন হাউস প্রশিক্ষণ এবং এনপিও-এর সহযোগিতায় ৩ দিন ব্যাপী 'প্রডাক্টিভিটি ইমপ্রুভমেন্ট টেকনিকস্ ফর বিআইএম ফ্যাকাল্টি মেম্বারস্ এন্ড অফিসারস্' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ইংরেজী ভাষায় অনুষদ সদস্যবৃন্দের দক্ষতা বৃদ্ধি এবং তাঁদের কর্মপদ্ধতি উন্নীত হয়েছে।
- বিআইএম-এর কর্মচারীবৃন্দকে ২ দিন ব্যাপী 'উৎপাদনশীলতা উন্নয়নের কলাকৌশল', ৩ সপ্তাহ ব্যাপী 'বেসিক কম্পিউটার লার্গিং' এবং গাড়ীচালকদের জন্য গাড়ীর যান্ত্রিক জ্ঞান (জার্মান বাংলাদেশ ট্রেনিং সেন্টার-এ) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- আধুনিক প্রশিক্ষণ অবকাঠামোগত সুবিধা নিশ্চিত করতে ১২-তলা 'ট্রেনিং কমপ্লেক্স' নির্মাণসহ 'বিআইএম শক্তিশালীকরণ' প্রকল্প ৩রা এপ্রিল, ২০১৮ তারিখে একনেক হতে অনুমোদন লাভ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রীর মানবিক উদ্যোগঃ

গত ২৪-০৮-২০১৪ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয় পরিদর্শনকালে শিল্প মন্ত্রণালয়, অধীনস্থ দপ্তর/ সংস্থা সম্পর্কে বিভিন্ন নির্দেশনা/ অনুশাসন প্রদান করেছেন। উক্ত নির্দেশনা/ অনুশাসনের -১১ নং ক্রমিকে বিআইএম সম্পর্কে নিম্নরূপ বক্তব্য উপস্থাপিত হয়েছে-

“ক্রমঅগ্রসরমান প্রযুক্তির সাথে তাল মিলিয়ে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রিকরণ করতে হবে। বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট-এর নতুন কেন্দ্র নির্মাণের প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে প্রতিটি বিভাগে ১টি করে মোট ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। অনলাইন ও প্রাকটিক্যাল উভয় প্রকার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

প্রশিক্ষণ সেবা বিকেন্দ্রিকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনাকে প্রতিপালন করতে 'বিআইএম শক্তিশালীকরণ'-শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে।


